উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা ।

**পাথরঘাটা উপজেলা পরিষদের ৫৩ তম মাসিক (সেপ্টেম্বর-২০২৩) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভা নম্বর | : | ৫৩/২০২৩ |
| সভার তারিখ ও সময় | : | ২৭.০৯.২০২৩ সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোস্তফা গোলাম কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |

(সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা-পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যদের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতাপাঠের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর বিগত ৩১.০৮.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচি / এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সম্পর্কিত আলোচনা করা হয়। | দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২. | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | পূর্ববর্তী সভায় যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল সেগুলো ৯৫% বাস্তবায়ন হয়েছে। বাকী ৫% এখনো বাস্তবায়ন হয়নি। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি থাকতে হবে। |
| ০৩. | স্ট্যান্ডিং কমিটি হতে প্রাপ্ত সুপারিশমালার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত কোন আলোচনা করা গেল না। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৪. | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশ না থাকায় আলোচনা করা গেল না। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৫. | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন পর্যালোচনা | নতুন কোনবিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় আলোচনা করা গেল না। | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৬. | উপজেলা পরিষদের আয়-ব্যয় পর্যালোচনা | আলোচনার কোন বিষয় উত্থাপিত হয়নি বা নেই। | কোন সিদ্ধান্ত নেই। |
| ০১ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১২ অক্টোবর ২০২৩ থেকে ২ নভেম্বর ২০২৩ মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ চলবে। এসময় স্ব স্ব ইউনিয়ন চেয়ারম্যানদের অনুরোধ জানান যে, তাঁর ইউনিয়নের জেলেদের মাছ ধরা থেকে বিরত থাকা নিশ্চিতকরণ এবং মৎস্য ভিজিএফ বিধি মোতাবেক বিরতণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এবিষয়ে সভা বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ এ সকলের সহযোগিতা কামনা করেন। |
| ০২ | **বিবিধ:**<br>(ক) উপজেলা পরিষদ প্রাঙ্গন পরিস্কার পরিচ্ছন্নকরণ সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ কমাতে উপজেলা পরিষদ ক্যাম্পাস, চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পরিস্কার পরিচ্ছন্ন করণের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা উত্তোলন করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদ ক্যাম্পাস, চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পরিস্কার পরিচ্ছন্ন করণের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (খ) উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাতের ব্যবহার সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ঘ) অপ্রত্যাশিত খাত হতে | বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ঘ) মোতাবেক অসহায়, গরীব ও দুঃস্থ মানুষের চিকিৎসা খরচ ও |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | ২০২৩-২০২৪ অর্থ বছরে বিধি মোতাবেক অসহায়, গরীব ও দুঃস্থ মানুষের চিকিৎসা খরচ ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মানুষদের পুনর্বাসনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলন করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মানুষদের পুনর্বাসনের লক্ষ্যে উপজে পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (গ) উপজেলা পরিষদের পুকুর ব্যবহার উপযোগীকরণ সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ সংলগ্ন পুকুরের মাছ হঠাৎ মরে ভেসে উঠে। এতে মরা মাছের দুর্গন্ধে আশে-পাশের মানুষের বসবাস করা কঠিন হয়েছে এবং উক্ত পুকুরের পানি পৌরসভার অনেক মানুষ ফিল্টারের মাধ্যমে পানীয় জল হিসেবে ব্যবহার করে থাকে। এক্ষেত্রে জরুরী ভিত্তিতে স্থানীয় জেলেদের দিয়ে জাল টেনে মরা মাছ পরিষ্কার ও পুকুরের চুন ও ঔষধ প্রয়োগের মাধ্যমে মাছ মরা বন্ধ করা হয়। উক্ত কাজের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১৬,৫০০/- টাকা উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে প্রস্তাবিত কাজের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ১৬,৫০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (ঘ) উপজেলা পরিষদ পরিদর্শন সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, গত ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পাথরঘাটা উপজেলা পরিষদ জেলা প্রশাসক, বরগুনা কর্তৃক পরিদর্শন করেন। মহোদয়ের পরিদর্শনকালে সভায় আগত মেহমানদের আপ্যায়ন ও মধ্যাহ্নভোজের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২৪,০০০/- টাকা উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে আপ্যায়ন ও মধ্যাহ্নভোজের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ২৪,০০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (ঙ) উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ছ) আসবাবপত্র সংগ্রহ/ মেরামত খাত হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে বিধি মোতাবেক উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামতের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামতের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (চ) উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ছ) আসবাবপত্র সংগ্রহ/ মেরামত খাত হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে বিধি মোতাবেক উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয়ের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- টাকা উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয়ের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পাথরঘাটা, বরগুনা'কে অনুরোধ করা হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা গোলাম কবির) ২৭/০৯/২০২৩
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পাথরঘাটা, বরগুনা।

Scanned with CamScanner

স্মারক নম্বর- উপ/পাথর/বর/২০২৩/৫৪৯(৬০)

তারিখঃ ২৭.০৯.২০২৩।

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২ ও উপদেষ্টা, পাথরঘাটা উপজেলা পরিষদ, বরগুনা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, .......................................................... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জেলা প্রশাসক, বরগুনা।
১০. মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা।
১১. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১২. উপজেলা ...................................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৩. চেয়ারম্যান, ..........................................................ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১৪. জনাব ..........................................................................।
১৫. অফিস নথি।

২৭/০৯/

(মোঃ রোকনুজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।

২৭/৯/২০২৩

Scanned with CamScanner